# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-বাকাশিবো/ক/৯৪/৫৭২(৩য় অংশ)/ ২৩ (৪)  তারিখঃ ০৯/০১/২০০১খ্রিঃ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বোর্ডের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে নিম্নোক্ত প্রতিষ্ঠানে ছকে ২০০১ শিক্ষাবর্ষ হইতে ২ (দুই) বৎসর মেয়াদি এস, এস, সি (ভোকেশনাল) শিক্ষাক্রম আবেদন অনুযায়ী নিম্নোক্ত ট্রেড ও আসন সংখ্যা অনুযায়ী পরিচালনার জন্য বর্ণিত শর্তাবলী আরোপপূর্বক সাময়িকভাবে এ্যাফিলিয়েশন প্রদান করা হইল।

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | ট্রেডের নাম (আবেদন অনুযায়ী) | আসন সংখ্যা |
|---|---|---|---|
| ১ | আশেকপুর সি, পি উচ্চ বিদ্যালয়<br>কচড়া, থানা-বগুড়া, জেলা-বগুড়া | ক. কম্পিউটার<br>খ. ড্রেস মেকিং এন্ড টেইলারিং | ২০<br>২০ |
| ২ | বাংলাদেশ রেলওয়ে স্টেশন কলোনী উচ্চ বিদ্যালয়<br>ডাকঘর-জিপিও, থানা-কতোয়ালী, চট্রগ্রাম | ক. জেনারেল মেকানিক্স<br>খ. ড্রেস মেকিং এন্ড টেইলারিং | ২০<br>২০ |
| ৩ | বাহুকা কারিগরি উচ্চ বিদ্যালয়<br>বাহুকা<br>থানা ও জেলা - সিরাজগঞ্জ | ক. কম্পিউটার এপ্লিকেশন অ্যান্ড অপারেশন<br>খ. ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং<br>গ. সিভিল কনস্ট্রাকশন | ২০<br>২০<br>২০ |
| ৪ | অক্সফোর্ড কম্পিউটার কলেজ অ্যান্ড টেকনোলজী<br>১১ বি, রোড-১২, লেন-৪, বাড়ী-১৫<br>মিরপুর, ঢাকা | ক. কম্পিউটার এপ্লিকেশন অ্যান্ড অপারেশন | ২০ |

শর্তাবলি ঃ

১। বোর্ডের বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন, ব্যবস্থাপনা কমিটি এবং (শিক্ষক ও কর্মচারী) চাকুরীর প্রবিধানমালা (এসআরও নং ৫২,৫৩ ও ৫৪ আইন/৯৬) মোতাবেক অনুসরন করিতে হইবে।

১.১ অনতিবিলম্বে ব্যবস্থাপনা কমিটি গঠনকরত বোর্ডে অনুমোদনের জন্য প্রেরণ করিতে হইবে।

১.২ এক মাসের মধ্যে বোর্ডের সংশ্লিষ্ট প্রবিধানমালা মোতাবেক বাছাই কমিটির মাধ্যমে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক-কর্মচারী নিয়োগ করিতে হইবে।

২. বোর্ডের সংশ্লিষ্ট শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও পাঠ্যসূচি অনুযায়ী এতদ্‌সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করিতে হইবে।

৩. বোর্ডের সংশ্লিষ্ট পাঠ্যসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও অন্যান্য সুযোগ সুবিধাদি নিশ্চিত করিতে হইবে

৪. বোর্ডের সংশ্লিষ্ট পাঠ্যসূচি অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাশ অনুষ্ঠান নিশ্চিত করিতে হইবে।

৫. বোর্ড প্রণীত শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করিতে হইবে।

সত্যায়িত
২১/৪/০৬
প্রভাষক
কাজিপুর সরকারী মনসুর আলী কলেজ
সিরাজগঞ্জ।

(মোঃ মোজাম্মেল আলী)
কারিকুলাম বিশেষজ্ঞ
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭

স্মারক নং-বাকাশিবো/ক/৯৪/৫৭২(৩য় অংশ)/২৬(৪)/১৪ তারিখঃ ০৯/০১/২০০১খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

২। পরিচালক, ভোকেশনাল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ১৬ ইস্পাহানী পার্ক, মগবাজার, ঢাকা।

৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হইতে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ২০০১ শিক্ষাবর্ষ হইতে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদনাপূর্বক পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।

৫। উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হইতে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ২০০১ শিক্ষাবর্ষ হইতে এফিলিয়েশন ফি আদায় করিবার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।

৬। উপ-সচিব (রেজিষ্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ২০০১ শিক্ষাবর্ষ হইতে ছাত্র-ছাত্রীদের রেজিষ্ট্রেশন প্রদানের জন্য অনুরোধ করা হইল)।

৭-১০। প্রধান শিক্ষক, আশেকপুর সি. সি উচ্চ বিদ্যালয় / বাংলাদেশ রেলওয়ে ষ্টেশন কলোনী উচ্চ বিদ্যালয়/ বাইশা কারিগরি উচ্চ বিদ্যালয়/ অক্সফোর্ড কম্পিউটার কলেজ অ্যান্ড টেকনোলজী।

১১। কারিকুলাম বিশেষজ্ঞ-৩, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১২। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৪। নথি।

(মোঃ মোজাহেদ আলী)
কারিকুলাম বিশেষজ্ঞ
বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড
ঢাকা-১২০৭

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা- ১২০৭

স্মারক নং-বাকাশিবো/ক/২০০১/১২১৪ তারিখঃ ১৭/০৯/২০০১ খ্রিঃ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বোর্ডের চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে নিম্নোক্ত প্রতিষ্ঠান (ছকে) ২০০২ শিক্ষাবর্ষ হইতে ২ (দুই) বৎসর মেয়াদি এস, এস, সি (ভোকেশনাল) শিক্ষাক্রম আবেদন অনুযায়ী নিম্নোক্ত ট্রেড ও আসন সংখ্যা অনুযায়ী পরিচালনার জন্য বর্ণিত শর্তাবলী আরোপপূর্বক সাময়িকভাবে এ্যাফিলিয়েশন প্রদান করা হইল।

| ক্রমিক নং | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | ট্রেডের নাম (আবেদন অনুযায়ী) | আসন সংখ্যা |
|---|---|---|---|
| ১ | বাহুকা কারিগরি উচ্চ বিদ্যালয়<br>ডাক-বাহুকা, থানা ও জেলা-সিরাজগঞ্জ | ক. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস<br>(৪র্থ ট্রেড) | ২০ |

শর্তাবলি ঃ

১। বোর্ডের বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন, ব্যবস্থাপনা কমিটি এবং (শিক্ষক ও কর্মচারী) চাকুরীর প্রবিধানমালা (এসআরও নং ৫২,৫৩ ও ৫৪ আইন/৯৬) মোতাবেক অনুসরন করিতে হইবে।

১.১ অনতিবিলম্বে ব্যবস্থাপনা কমিটি গঠনকরতঃ বোর্ডে অনুমোদনের জন্য প্রেরণ করিতে হইবে।

১.২ এক মাসের মধ্যে বোর্ডের সংশ্লিষ্ট প্রবিধানমালা মোতাবেক বাছাই কমিটির মাধ্যমে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক-কর্মচারী নিয়োগ করিতে হইবে।

২. বোর্ডের সংশ্লিষ্ট শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও পাঠ্যসূচি অনুযায়ী এতদসংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করিতে হইবে।

৩. বোর্ডের সংশ্লিষ্ট পাঠ্যসুচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও অন্যান্য সুযোগ সুবিধাদি নিশ্চিত করিতে হইবে।

৪. বোর্ডের সংশ্লিষ্ট পাঠ্যসুচি অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাশ অনুষ্ঠান নিশ্চিত করিতে হইবে।

৫. বোর্ড প্রণীত শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করিতে হইবে।

৬. নীতিমালায় বর্ণিত ভৌত অবকাঠামো সর্বোতভাবে প্রস্তুতকরণ এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি নিশ্চিত করিতে হইবে।

৭। উল্লেখিত শর্ত পূরণে ব্যর্থ হলে অ্যাফিলিয়েশন বাতিলসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(মোঃ মোজাহেদ আলী)
কারিকুলাম বিশেষজ্ঞ
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

স্মারক নং-বাকাশিবো/ক/২০০১/১২১৪(১১) তারিখঃ ১৭/০৯/২০০১ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

২। পরিচালক, (ভোকেশনাল) কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন (নীচতলা) আব্দুলগনি সড়ক,

৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হইতে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ২০০২ শিক্ষাবর্ষ হইতে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদনাপুর্বক পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।

৫। উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হইতে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ২০০২ শিক্ষাবর্ষ হইতে এফিলিয়েশন ফি আদায় করিবার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।

৬। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ২০০২ শিক্ষাবর্ষ হইতে ছাত্র-ছাত্রীদের রেজিষ্ট্রেশন প্রদানের জন্য অনুরোধ করা হইল)।

৭। সুপারিনটেনডেন্ট, বাহুকা কারিগরি উচ্চ বিদ্যালয়, ডাক-বাহুকা, থানা ও জেলা-সিরাজগঞ্জ।

৮। মুল্যায়ন কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৯। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১০। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১১। নথি।

(মোঃ মোজাহেদ আলী)
কারিকুলাম বিশেষজ্ঞ

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা ১২০৭।

স্মারক নং- বাকাশিবো/ক(ভোকঃ)/২০১২/৪৮৯৭ তারিখ: ২৭-১২-২০১২ খ্রিঃ

প্রাপক ঃ

অধ্যক্ষ/ সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক
বাহুকা কারিগরি উচ্চ বিদ্যালয়
পোঃ বাহুকা, উপজেলা: ও জেলা: সিরাজগঞ্জ

বিষয় : এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ট্রেড সংযোজনের জন্য সাময়িকভাবে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসংগে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বোর্ডের অনুমোদন সাপেক্ষে অত্র বোর্ড কর্তৃক আপনার প্রতিষ্ঠানে **এসএসসি** (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০১৩ শিক্ষাবর্ষ হতে নিম্নলিখিত ট্রেড ও বর্ণিত আসনে নিম্নবর্নিত শর্তাবলি আরোপপূর্বক সাময়িকভাবে ১(এক) বছরের জন্য প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

| ক্রমিক নং | ট্রেড | আসন সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | ফ্রুট অ্যান্ড ভেজিটেবলকাল্টিভেশন | ৩০ | ৫ম ট্রেড |
| ২। | জেনারেল ইলেকট্রনিক্স | ৩০ | ৬ষ্ঠ ট্রেড |

**শর্তাবলী ঃ**

১. অনুমতি প্রাপ্তির এক বছরের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো, শিক্ষক-কর্মচারী, যন্ত্রপাতি, কাঁচামাল ও শিক্ষা উপকরণসহ শিক্ষা কার্যক্রম শুরু করতে হবে। অন্যথায় প্রাথমিক পাঠদানের অনুমতি বাতিল বলে গণ্য হবে।

২. এক বছর সময়কালে আপনার প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম বিষয়ক সুযোগ-সুবিধাদি সরেজমিনে পরিদর্শনপূর্বক সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে প্রাথমিক পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি করা যাবে।

৩. প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার জন্য শিক্ষা প্রতিষ্ঠান অনুমোদন নীতিমালা অনুসরণ করতে হবে। প্রতিষ্ঠানের চূড়ান্ত স্বীকৃতি প্রদানের সময়ও এ নীতিমালা অনুসরণ করা হবে।

৪. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এস,আর,ও নং ৫২-আইন/৯৬) এর বিধান অনুসরণ করতে হবে।

৫. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এস,আর,ও নং ২৬৭/আইন/২০০৯) এর বিধান অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

৬. বোর্ডের এস,আর,ও নং ৫৩-আইন/৯৬ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ ৪/১০ এম-৫০/৮৩/৫৬০ (১৫০০০) শিক্ষা, তারিখ ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি ''নির্দেশিকা'' অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

৭. প্রত্যেক অর্থ বছরের শেষে প্রতিষ্ঠানের জমা-খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

৮ এক মাসের মধ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (শিক্ষক-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৬ (এস,আর,ও নং ৫৪ আইন/৯৬) এর বিধান অনুযায়ী বোর্ড কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে হবে এবং নিয়োগকৃত শিক্ষক-কর্মচারীদের তালিকা বোর্ডে জমা দিতে হবে।

৯. **শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শাঃ-৩/১জি-০৭/২০১০(অংশ)/৪১৪/১, ৯ই নভেম্বর ২০১১ তারিখে অনুষ্ঠিত সভার ৩(গ) সিদ্ধান্ত মোতাবেক প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক-কর্মচারীদের নিয়োগ প্রদান করতে হবে এবং এমপিও দাবী করা যাবে না।**

১০. বোর্ডের সংশ্লিষ্ট শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও পাঠ্যসূচি অনুযায়ী এতদসংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ১০.১ পাঠ্যসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং অন্যান্য সুযোগ সুবিধা সর্বদা সচল ও বহাল রাখতে হবে।
- ১০.২ ক্লাস শুরুর পূর্বেই ট্রেড বিষয়ের যন্ত্রপাতি সংগ্রহপূর্বক ল্যাব/ওয়ার্কশপে বিন্যাসকরণ নিশ্চিত করতে হবে।
- ১০.৩ বোর্ডের সংশ্লিষ্ট পাঠ্যসূচি অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস অনুষ্ঠান নিশ্চিত করত শিক্ষার মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১০.৪ শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়নের জন্য গ্রন্থাগারে শিক্ষাক্রম সংশ্লিষ্ট প্রয়োজনীয় সংখ্যক পুস্তকের ব্যবস্থাকরত গ্রন্থাগার ব্যবহারের সুযোগ নিশ্চিত করতে হবে।

১১. বোর্ড প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী ছাত্রছাত্রী ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বোর্ডের শিক্ষাবর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।

১২. প্রাথমিক পাঠ দানের অনুমতি/অ্যাফিলিয়েশন প্রাপ্তির পর ছাত্র ভর্তির পুর্বে বোর্ডের নির্ধারিত অ্যাফিলিয়েশন ফি জমা দিতে হবে।

১৩. স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানে একনাগারে তিন বছর কোন ট্রেডে আসন সংখ্যার ৪০% পরীক্ষার্থী না থাকলে অথবা পাশের হার মোট পরীক্ষার্থীর ২৫% এর নীচে হলে সংশ্লিষ্ট ট্রেড বাতিল করা যাবে।

১৪. অন্তত একটি দশম শ্রেণির চূড়ান্ত পরীক্ষার ফলাফল, ভৌত অবকাঠামো, আসবাবপত্র যন্ত্রপাতি ও অন্যান্য সুযোগ-সুবিধা পর্যালোচনা পূর্বক চূড়ান্ত স্বীকৃতি দেয়া হবে, তবে বিদ্যমান আসন সংখ্যার নূন্যতম ৭৫% পরীক্ষার্থী অংশগ্রহণ করে ৫০% উত্তীর্ণ হতে হবে।

*উল্লিখিত শর্ত/শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে বিধি অনুসারে সাময়িকভাবে প্রাথমিক পাঠ দানের অনুমতি/অ্যাফিলিয়েশন বাতিলসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে।*

স্বাক্ষরিত
(মোঃ আব্দুর রেজ্জাক)
পরিচালক (কারিকুলাম)

স্মারক নং- বাকাশিবো/ক(ভোকঃ)/২০১২/৪৮৯৭(১২) তারিখ: ২৭-১২-২০১২ খ্রি

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হইতে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ২০১৩ শিক্ষাবর্ষ হতে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদন পূর্বক পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

৫। উপসচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হতে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ২০১৩ শিক্ষাবর্ষ হতে অ্যাফিলিয়েশন ফি আদায় করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

৬। উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ছাত্রছাত্রীদের ২০১৩ শিক্ষাবর্ষ হইতে রেজিস্ট্রেশন প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

৭। সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানটির কোড নং প্রদান সহ কম্পিউটারে ডাটা সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো)।

৮। ডেপুটি কমিশনার/উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ ও জেলাঃ সিরাজগঞ্জ ।

৯। জেলা শিক্ষা অফিসার, জেলাঃ সিরাজগঞ্জ ।

১০। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১২। নথি।

27.12.12

(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)
বিশেষজ্ঞ (ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড